মেহেরপুরে ফ্যামিলি কার্ড কার্যক্রম নিয়ে অবহিতকরণ প্রেস কনফারেন্স

ফ্যামিলি কার্ড কার্যক্রমের দেশব্যাপী তথ্য সংগ্রহবিষয়ক অবহিতকরণ প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। সোমবার মেহেরপুর সদর উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে উপজেলা প্রশাসনের সভাকক্ষে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ কার্যক্রম সম্প্রচার করা হয়।

ভিডিও কনফারেন্সে বক্তব্য দেন সমাজকল্যাণমন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাবলু সূত্রধরের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. কামরুন নাহার, জেলা নির্বাচন কর্মকর্তা মো. এনামুল হক, জেলা পরিসংখ্যান কর্মকর্তা বশির উদ্দিন, উপজেলা নির্বাচন কর্মকর্তা মো. বাবু হক, আইসিটি কর্মকর্তা সুব্রত কুমারসহ অনেকে।

আলমডাঙ্গায় সার বিতরণ নীতিমালা বাস্তবায়ন বিষয়ে অবহিতকরণ সভা

আলমডাঙ্গা উপজেলা সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ বাস্তবায়ন শীর্ষক অবহিতকরণ সভা অনুষ্ঠিত

হয়েছে।

মঙ্গলবার আলমডাঙ্গা উপজেলা সার-বীজ মনিটরিং কমিটির উদ্যোগে উপজেলা পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা ও সহকারী কমিশনার (ভূমি) আশিষ কুমার বসু।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মাহমুদুল হক, উপজেলা চেয়ারম্যান সমিতির সভাপতি তবারক হোসেন এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।

স্বাগত বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা কৃষি কর্মকর্তা মাসুদ হোসেন পলাশ। তিনি বলেন, সরকারের নতুন নীতিমালা অনুযায়ী এখন থেকে একজন ব্যক্তির নামে একাধিক সার ডিলারশিপ রাখা যাবে না। কোনো ডিলার মৃত্যুবরণ করলে তার স্ত্রী বা সন্তান ডিলারশিপের মালিক হবেন। এছাড়া আলমডাঙ্গা উপজেলায় প্রায় ১০-১২ জন নতুন ডিলার নিয়োগ দেওয়া হবে, যা জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে সম্পন্ন হবে।

সভায় আরও বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান মো. তবারক হোসেন, ইউপি চেয়ারম্যান মিনহাজ উদ্দিন বিশ্বাস, ইইপি চেয়ারম্যান আসাদুল হক মিকা, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মো. জিল্লুর রহমান ওটু, আলমডাঙ্গা উপজেলা জামায়াতের আমির মো. শফিউল আলম বকুল, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক শেখ সাইকুম ইসলাম, উপজেলা জামায়াতের সেক্রেটারি আব্দুল্লাহ আল মামুনসহ রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ।

এছাড়া উপস্থিত ছিলেন সার ডিলার হাজী রফিকুল ইসলাম, হাজী হারুনার রশিদ, হাজী আব্দুল বারী, হাজী জনিরুদ্দিন, মো. আসিফ আস নূর (মেসার্স নূর মোহাম্মদ ট্রেডার্স), মো. দেলোয়ার হোসেন, শেখ আব্দুল জব্বার, সাইদ হাসান, বেলগাছি ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. মেহেরাজ আলী, মো. ফরিদ হোসেন, দিলিপ কুমার আগরালা, মো. আমিনুল হক, উত্তরা ট্রেডার্সের পক্ষ থেকে অসিত কুমার এবং মীর অ্যান্ড অ্যাসোসিয়েটসের পক্ষ থেকে ডা. আদনীন নাহার মীম প্রমুখ।

আলমডাঙ্গা উপজেলা সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ বাস্তবায়ন শীর্ষক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।সভায় সার ডিলারশিপে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং নীতিমালা

যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়।

মেহেরপুরে অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনার

মেহেরপুরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন -২০০৯ অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৯ অক্টোবর) সকাল সাড়ে ১০ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক আয়োজিত ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনারে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এ সময় স্বাগত বক্তব্য রাখেন- জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নুর, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, সাংবাদিক রফিকুল আলম প্রমুখ।

সেমিনারে বক্তারা ভোক্তা অধিকার সংরক্ষণ আইন -২০০৯ অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক বিভিন্ন বিষয়ে আলোচনা করে বলেন- আমরা প্রত্যেকেই ভোক্তা। আমি একজন ক্রেতাকে যেমন ঠকাচ্ছি, তেমনি অন্যজনও আমাকে অনুরূপ ভাবে ঠকাচ্ছেন। এই অসৎ উদ্দেশ্য থেকে আমাদের সবাইকে বের হয়ে আসতে হবে।

সেমিনারে বিভিন্ন দফতরের কর্মকর্তা, সাংবাদিক, ব্যবসায়ী প্রতিনিধিও উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

মুজিবনগরে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনের অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনু্ষ্ঠিত

মুজিবনগরে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনের অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনু্ষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে এবং জাতীয় পুষ্টিসেবা স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের বাস্তবায়নে,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান এর সভাপতিতে এবং ডা: আবু সাঈদ এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

অবহিতকরণ ও পরিকল্পনা সভায় আরো উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ, IFA এবং BP এর জেলা সমন্বয়কারী লিপোস ম্রি,উপজেলা আনসার ভিডিপির প্রশিক্ষিকা ফেরদৌসি আরা, মুজিবনগর থানার এস আই আব্দুর রাজ্জাক, গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির হেলথ অফিসার আহসানুল হকসহ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্মচারিবৃন্দ।

উল্লেখ্য যে ১২ই ডিসেম্বর মুজিবনগর উপজেলায় ৬ থেকে ১১ মাস বয়সী ১১৮২ জনে একটি নীল রঙের এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৮৪৬৯ জন শিশুকে একটি লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

মেহেরপুরে এসডিজি-৪ এর ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অবহতিকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে এসডিজি-৪ এর ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং শিক্ষা খাতের পরিকল্পনার সাথে সংযুক্ত বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা পরিষদ কনফারেসন্স হলরুমে এই সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা লোকমোর্চা ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মো: নাজমুল হুদা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর পিটিআই এর সুপারিনটেনডেন্ট মুন্সি শহিদুল ইসলাম, মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন। এই কর্মসূচীর উদ্দেশ্য বর্ণনা করে বক্তব্য রাখেন গণস্বাক্ষরতা অভিযানের উপ-কার্যক্রম ব্যবস্থাপক আব্দুর রউফ।

বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা ও আগামীর দিনের পরিকল্পনা তুলে ধরে বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান বক্তা আন্তর্জাতিক সংস্থা ইউনেস্কো’র প্রতিনিধি জিয়াউস সবুর।

এসময় মুক্ত আলোচনায় অংশ নিয়ে শিক্ষা কার্যক্রমের উপর মতামত তুলে ধরেন মেহেরপুর সদর উপজেলা যুব উন্নয়ন অফিসার বিপ্লব কুমার কুন্ড, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলী আশরাফ, আশরাফপুর দাখিল মাদ্রাসার অধ্যক্ষ ইসমাইল হোসেন প্রমুখ।

গণস্বাক্ষরতা অভিযানের সহযোগীতায় স্থানীয় সংস্থা মানব উন্নয়ন কেন্দ্র মউক এই অবহিতকরণ সভার আয়োজন করে।

মউকের প্রকল্প পরিচালক সাদ আহমেদের সঞ্চালনায় অবহিতরকণ সভায় স্বাগত বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।